গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০৮০.২১.৭৯৯ তারিখ: ২৩ মার্চ ২০২১

# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি
## বিভিন্ন অপরাধে ১৩২টি প্রতিষ্ঠানকে ৯.৫২ লক্ষ টাকা জরিমানা

**২২ মার্চ ২০২১ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, ফরিদপুর, গাজীপুর, রাজবাড়ী, শেরপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, লক্ষ্মীপুর, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সতক্ষীরা, ঝিনাইদহ, যশোর, বাগেরহাট, কুষ্টিয়া, মাগুরা, চুয়াডাঙ্গা, নীলফামারী, দিনাজপুর, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রাজশাহী, নাটোর, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয়ের উপপরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, সহকারী পরিচালক জনাব রজবী নাহার রজনী, ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ মাগফুর রহমান ও জনাব মাহমুদা আক্তার এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক টিবি গেইট, ওয়ারলেস গেইট, পশ্চিম আগারগাঁও, মহাখালী, মোহাম্মদপুর টাউনহল এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'ইনজয় কনফেকশনারী', 'মুসলিম সুইটস', 'লাকসাম স্টোর', 'মিম জেনারেল স্টোর' কে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে 'মায়ের দোয়া হোটেল', 'বিসমিল্লাহ হোটেল' 'চিশতিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট' কে যথাক্রমে ৭,০০০/- (সাত হাজার) টাকা, ৭,০০০/- (সাত হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'নিজ ভাই ভাই হোটেল', 'বেলায়েত জেনারেল স্টোর', 'শমসের জেনারেল স্টোর' কে যথাক্রমে ৭,০০০/- (সাত হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধবিক্রির অপরাধে 'নূর ফার্মেসী, 'ঢাকা ড্রাগস', 'ফাহিম ড্রাগ হাউজ' কে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত ২২ মার্চ ২০২১ তারিখে মোট **১,৪৯,০০০/- (এক লক্ষ উনপঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৪৩টি** বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১১৩টি** প্রতিষ্ঠানকে **৭,৭৮,০০০/- (সাত লক্ষ আটাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি, মেয়াদ উত্তীর্ণ পণ্যবিক্রি ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **৬টি** প্রতিষ্ঠানকে **২৫,৫০০/- (পঁচিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,৩৭৫/- (ছয় হাজার তিনশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়।

গত ২২ মার্চ ২০২১ তারিখে সর্বমোট **৪৮টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও **৬টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৩২টি** প্রতিষ্ঠানকে মোট **৯,৫২,৫০০/- (নয় লক্ষ বাহান্ন হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্য ক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/ দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থ নীতি/দৈনিক বণিক বার্তা/ দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্য র্থেঅনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শ ন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্ম কর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্ম কর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।